



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ



স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/নিয়োগ/২০২১/২৬-২৯/১১১৭

তারিখঃ ২০ আশ্বিন ১৪২৮
০৫ অক্টোবর ২০২১


নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এ নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত ও স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম, বেতন স্কেল ও বয়সসীমা	পদের সংখ্যা		যোগ্যতা
		সহকারি অধ্যাপক	প্রভাষক	
১.	সহকারি অধ্যাপক/প্রভাষক ৩৫৫০০-৬৭০১০/২২০০০-৫৩০৬০	০১	০১	<p>সহকারি অধ্যাপক</p> <p>(ক) স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে তিন বছর শিক্ষকতা অথবা অনুমোদিত গবেষণা প্রতিষ্ঠানে তিন বছর গবেষণার অভিজ্ঞতা অথবা স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতা ও অনুমোদিত গবেষণা প্রতিষ্ঠানে চাকুরী করার মোট ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা</p> <p>(খ) প্রভাষক পদের যোগ্যতাসহ যাদের এমফিল ডিগ্রী আছে তাদের এক বছর শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। অথবা</p> <p>(গ) প্রভাষক পদের যোগ্যতাসহ পিএইচডি বা ইউরোপ, অস্ট্রেলিয়া ও উত্তর আমেরিকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে এমফিল, এমলিট ডিগ্রী থাকলে প্রার্থীদের সহকারী অধ্যাপক পদে নিয়োগ দেয়া যেতে পারে।</p> <p>প্রভাষক</p> <p>(ক) প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। (খ) প্রভাষক পদে প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অনার্স এবং মাস্টার্স পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা ৪ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫ থাকতে হবে। (গ) উচ্চতর ডিগ্রীধারী ও গবেষণাকর্মে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ** এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা ৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।</p>

শর্তাবলী :

- প্রত্যেক পদে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।
- আবেদন ফর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং নিয়োগের অন্যান্য শর্তাবলী অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrstu.edu.bd থেকে সংগ্রহ করতে হবে।
- প্রত্যেক পদের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন অনলাইন শাখা হতে সঞ্চয়ী হিসাব নং ০২০০০০৩১৫২৩৭২, রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বশেমুরবিপ্রবি), গোপালগঞ্জ এই হিসাবে জমা করে জমা ভাউচারের মূল অংশ ১টি A4 সাইজের সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে আবেদনপত্রের মূল কপির সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে জমা ভাউচারের স্ক্রল নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র অবশ্যই A4 সাইজের খামে জমা দিতে হবে।
- আবেদনকারীদেরকে ০৮(আট) কপি আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফর্মের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, পজিশনের প্রমানপত্র, অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), জাতীয়তার সনদ ও মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে প্রতিটি আবেদন ফর্মে লাগাতে হবে।
- কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্মরত পদের নিয়োগপত্র (বেতনস্কেল উল্লেখপূর্বক), ও আনুসঙ্গিক কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ এর অনুকূলে পৌছানোর শেষ তারিখ ০৪/১১/২০২১ বিকাল ৫-০০ ঘটিকা।
- প্রার্থীদের সাক্ষাৎকার/ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।


০৫/১০/২০২১
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।